

“আত্মকর্মসংস্থানমূলক ঋণ, ২০২১”

নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে ঋণ বিতরণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৫০০ (পাঁচশত) কোটি টাকার হতে বিদেশ ফেরত প্রবাসী শ্রমিকদের গ্রামীন এলাকায় ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজের জন্য স্বল্প সুদে “আত্মকর্মসংস্থানমূলক ঋণ”(Self Employment/ Independent Loan) বিতরণ করা হচ্ছে।

আত্মকর্মসংস্থানমূলক ঋণ গ্রহণে যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্রঃ

- প্রকল্প/ ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখায় ঋণের আবেদন করতে হবে;
- ১ জানুয়ারী ২০২০, তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবে।
- বিনামূল্যে সরবরাহকৃত ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমে আবেদন দাখিল;
- আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ)/ ট্রাভেল পারমিটের ফটোকপি;
- বিএমইটি’র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডিকার্ড এর ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমনের প্রমাণপত্র/ বিদেশে চাকরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র;
- আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি;
- গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি;
- হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);
- দোকান/ গোড়াউন ভাড়ার ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্র এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে;
- প্রশিক্ষণ/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষণ গ্রহণে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র;
- ব্যক্তিগত/ প্রকল্পের নামে কোন সংস্থা/ এনজিও/ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র;
- জামানতি সম্পত্তির ফটোকপি;
- ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ০৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা ও সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিবরণী।

ঋণ সীমাঃ

সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

- জামানতবিহীন ঋণ সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা;
- ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে।

ঋণের মেয়াদঃ

প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ ধরণ অনুযায়ী সর্বোচ্চ ০২ বছর।

সুদের হারঃ

০৪% সরল সুদ হারে।

ঋণের পরিশোধসূচীঃ

পরিশোধসূচী হবে ঋণের ধরণ অনুযায়ী কিস্তিতে পরিশোধযোগ্য।

বিঃ দ্রঃ এ ঋণের কোন সার্ভিস চার্জ নেই।